

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৭৭

১১/ জানাযা

পরিচেছদঃ যার নাবালক সন্তান মারা যায়, তার ফযীলত

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الخُدْرِي قَالَ: جَاءَتِ امْراَّةٌ إِلَى رَسُولِ اللهِ عَلِيْ فَقَالَتْ: يَا رَسُولَ اللهِ وَعَنْ أَبِي سَعِيدِ الخُدْرِي قَالَ : جَاءَتِ امْراَّةٌ إِلَى رَسُولِ اللهِ عَلِيهِ تُعَلِّمُنَا مِمَّا عَلَّمَكَ اللهُ قَالَ ذَهبَ الرِّجَالُ بِحَدِيثِكَ فَاجْعَلْ لَنَا مِنْ نَفْسِكَ يَوْماً نَأْتِيكَ فِيهِ تُعَلِّمُنَا مِمَّا عَلَّمَكَ اللهُ قَالَ مَا اجْتَمِعْنَ يَوْمَ كَذَا وَكَذَا فَاجْتَمَعْنَ فَأَتَاهُنَّ النَّبِيُّ عَلِيْ فَعَلَّمَهُنَّ مِمَّا عَلَّمَهُ اللهُ ثُمَّ قَالَ مَا مِنْكُنَّ مِنِ امْرَأَةٍ تُقَدِّمُ ثَلاَثَةً مِنَ الوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حِجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةٌ : وَاثْنَينِ مِنْ الوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حِجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةٌ : وَاثْنَينِ عَنْ الوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حَجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةٌ : وَاثْنَينِ عَنْ الوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حَجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةٌ : وَاثْنَينِ عَنْ الْوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حَجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةٌ : وَاثْنَينِ عَنْ الْوَلَدِ إِلاَّ كَانُوا لَهَا حَجَاباً مِنَ النَّارِ فَقَالَتْ امْرَأَةً وَاثَنَينِ وَاثْنَيْنِ مِتْفَقٌ عَلَيْهِ

বাংলা

(১৩৭৭) আবৃ সাঈদ খুদরী (রাঃ) বলেন এক মহিলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, হে আল্লাহর রসূল! কেবলমাত্র পুরুষেরাই আপনার হাদীস শোনার সৌভাগ্য লাভ করছে। সুতরাং আপনি আমাদের জন্যও একটি দিন নির্ধারিত করুন। আমরা সে দিন আপনার নিকট আসব, আপনি আমাদেরকে তা শিক্ষা দেবেন, যা আল্লাহ আপনাকে শিক্ষা দিয়েছেন। তিনি বললেন, তোমরা অমুক অমুক দিন একত্রিত হও।

অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট এসে সে শিক্ষা দিলেন, যা আল্লাহ তাঁকে শিক্ষা দিয়েছেন। তারপর তিনি বললেন, তোমাদের মধ্যে যে কোন মহিলার তিনটি সন্তান মারা যাবে, তারা তার জন্য জাহান্নামের আগুন থেকে আড় হয়ে যাবে। এক মহিলা বলল, আর দু'টি সন্তান মারা গেলে? তিনি বললেন, দু'টি মারা গেলেও (তাই হবে)।

ফুটনোট

(বুখারী ১০১, ৭৩১০, মুসলিম ৬৮৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন